



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ বিভাগ



নম্বর ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০২.১৯.২২

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৭

১২ অক্টোবর ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: একাদশ ও দ্বাদশ শ্রেণির অনলাইন ক্লাস গ্রহণ এবং ক্লাস রুটিন প্রচার প্রসঙ্গে

এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ মহোদয়কে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। ০৪-১০-২০২০ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ক্লাস উদ্বোধন করেছেন। বর্তমানে কোভিড-১৯ জনিত কারণে সরাসরি শ্রেণিপাঠদান বন্ধ রয়েছে। এই প্রেক্ষিতে সরকারের নির্দেশনা মোতাবেক একাদশ-দ্বাদশ শ্রেণির কারিকুলাম ভিত্তিক অনলাইন ক্লাস পরিচালনা এবং অনলাইন ক্লাসসূচি সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটসহ কলেজের অন্যান্য অনলাইন প্ল্যাটফরমে প্রচার করার জন্য অনুরোধ জানানো হলো।  
২। এ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের " CLASS ROOM"-এ রেকর্ডকৃত ক্লাসসমূহ আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো।

১২-১০-২০২০

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক